

কর্মসূচীর নামঃ	ফার্মার'স মার্কেটিং গ্রুপ (এফএমজি) শক্তিশালীকরণের মাধ্যমে উত্তর পশ্চিমাঞ্চলে নির্মিত মার্কেটসমূহ বিপণন সেবা জোরদারকরণ কর্মসূচীঃ
কর্মসূচীর বাজেটঃ	২৩৮.০০ লক্ষ টাকা
অর্থ প্রদানকারী সংস্থার নামঃ	জিওবি
শুরুর তারিখঃ	১লা জুলাই/২০১৩
শেষ তারিখঃ	৩০শে জুন/২০১৫
কর্মসূচীর বর্তমান অবস্থাঃ	চলমান
কর্মসূচীর বর্ণনাঃ	<p><b>কর্মসূচীর প্রধান উদ্দেশ্যঃ</b></p> <ol style="list-style-type: none"> <li>(১) সমাপ্ত নর্থ-ওয়েস্ট গ্রুপ ডাইভারসিফিকেশন প্রকল্প (এনসিডিপি) কর্তৃক নির্মিত ৭৫টি মার্কেটের অবকাঠামো ব্যবহার ও মার্কেট কেন্দ্রিক ফার্মারস মার্কেটিং গ্রুপ (এফএমজি) পুনর্গঠন/গঠনের মাধ্যমে তাদের উৎপাদিত পণ্যের উপযুক্তমূল্য প্রাপ্তিতে সহায়তা প্রদান করা ;</li> <li>(২) বাজার, উৎপাদক, ফার্মারস মার্কেটিং গ্রুপের সদস্য, ব্যবসায়ী ও ভোক্তাদের মধ্যে অগ্র-পশ্চাৎ সংযোগ স্থাপনের মাধ্যমে উত্তর -পশ্চিমাঞ্চলে ক্ষুদ্র, মাঝারী চাষীদের উৎপাদিত পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিত করা;</li> <li>(৩) ফার্মারস মার্কেটিং গ্রুপের সদস্যগণকে মোটিভেশনাল টুর-এর মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা, যাতে তারা আধুনিক কৌশল অবলম্বন করে সুষ্ঠুভাবে বিপণন কার্যক্রম সম্পন্ন করে অধিক লাভবান হতে পারে;</li> <li>(৪) ফড়িয়া শ্রেণীর বাজারকারবারী বা আগ্রহী এফএমজি'র সদস্যগণকে হায়ার পারচেজে মাসিক কিস্তিতে ভ্যান গাড়ী সরবরাহের মাধ্যমে পণ্যের বিপণন সুবিধা নিশ্চিত করা;</li> <li>(৫) চাল ও গমের পাশাপাশি ফার্মারস মার্কেটিং গ্রুপের সদস্যগণের উৎপাদিত পণ্য, যেমন- আলু, সয়াবিন ও কন্দাল জাতীয় খাদ্যশস্যের নানাবিধ ব্যবহার ও পুষ্টিমান সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রদর্শনী স্টলের আয়োজন করা;</li> <li>(৬) ক্ষুদ্র ও মাঝারী কৃষকদের দল গঠন করে প্রশিক্ষণ, প্রযুক্তি হস্তান্তর ও পণ্য বিপণনে দক্ষ করে তোলা ।</li> <li>(৭) কৃষিপণ্যের অপচয়ের পরিমাণ হ্রাস ও পণ্যের গুণগত মান উন্নত করার জন্য প্যাকেজিং, গ্রেডিং, লেবেলিং, সংরক্ষণ, পরিবহন, ফসল সংগ্রহভোর ব্যবস্থাপনা ও বিপণন কলাকৌশল সম্পর্কে ফার্মারস মার্কেটিং গ্রুপের সদস্যগণকে এবং বিভিন্ন পর্যায়ের বাজারকারবারীদের প্রশিক্ষণ প্রদান, মহিলাদের বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে কৃষি ব্যবসায় আগ্রহী করে তোলা ;</li> <li>(৮) ফার্মার'স মার্কেটিং গ্রুপ (এফএমজি) কে বিপণন কলাকৌশল ও কৃষি প্রক্রিয়াজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা;</li> <li>(৯) Value chain, Supply chain-এর খারনার প্রয়োগসহ সংশ্লিষ্টদের কৃষি ব্যবসাতে আগ্রহী করে তোলা;</li> <li>(১০) পণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য বাজারদর তথ্য, পরিবহন, সংরক্ষণ, লিংকেজ স্থাপন ও অবকাঠামোসহ অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে ব্যাপক প্রচার ও প্রসারের ব্যবস্থা গ্রহণ করা।</li> </ol>

### কার্যক্রমঃ

ক্ষুদ্র ও মাঝারী কৃষকের উৎপাদিত কৃষিপণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ সরকার “ফার্মার’স মার্কেটিং গ্রুপ (এফ এম জি) শক্তিশালীকরণের মাধ্যমে উত্তর-পশ্চিমাঞ্চলে নির্মিত মার্কেট সমূহে বিপণন সেবা জোরদারকরণ কর্মসূচী ” কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। এ কর্মসূচীর আওতায় দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ১৬টি জেলার ৬০টি উপজেলায় জুলাই, ২০১২ হতে কার্যক্রম শুরু করেছে এবং ইতোমধ্যে পণ্য সরবরাহ সহজতর করার লক্ষ্যে ৮০টি ভ্যান এফ এম জি ভুক্ত কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে এবং তাদের প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। এছাড়া সমাপ্ত নর্থ-ওয়েস্ট গ্রুপ ডাইভারসিফিকেশন প্রকল্প (NCDP) কর্তৃক নির্মিত মার্কেট সমূহের অবকাঠামো ব্যবহার এবং ঢাকাসহ অন্যান্য অঞ্চলের বিভিন্ন শ্রেণীর ব্যবসায়ীর সাথে গঠিত ফার্মার’স মার্কেটিং গ্রুপের মার্কেট লিংকেজ স্থাপন এ কর্মসূচীর অন্যতম লক্ষ্য। এ কর্মসূচীর মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারী কৃষকের সমন্বয়ে গঠিত ৩০০টি কৃষক দলের প্রায় ৬,০০০ জন দলভুক্ত কৃষক সরাসরি সুফল ভোগ করতে পারবে। ইতোমধ্যে এ কর্মসূচীর মাধ্যমে প্রায় ৭০০০ জন কৃষককে উন্নততর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।